Times Today BD

সিনিয়র রিপোর্টার | বাংলাদেশ | 22 April, 2025

জাতীয় পরিচয়পত্র (এনআইডি) সংশোধনে সারা দেশের জেলা অফিসারদের দায়িত্ব দেওয়া হয়েছে। আগামী ৩০ জুন পর্যন্ত এনআইডি সংশোধন আবেদন দ্রুত নিষ্পত্তি করতে ক্র্যাশ প্রোগ্রামের জেলা অফিসাররা দায়িত্ব পালন করবেন।

জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগের পরিচালক মো. আব্দুল হালিম খান স্বাক্ষরিত এক অফিস আদেশে এ তথ্য জানানো হয়।

অফিস আদেশে জানানো হয়, এনআইডি পরিচালনার অংশ হিসেবে 'গ' ক্যাটাগরির আবেদন নিষ্পত্তির জন্য ৬৪ জেলার জেলা নির্বাচন কর্মকর্তাদের ক্ষমতা দেওয়া হয়েছে।এর আগে শুধু এই ক্যাটাগরির আবেদন নিষ্পত্তি করতে পারতেন আঞ্চলিক নির্বাচন কর্মকর্তারা। এছাড়াও ঢাকা, কুমিল্লা, চট্টগ্রাম ও ময়মনসিংহ অঞ্চলের আবেদন সংখ্যা বিবেচনায় সংশ্লিষ্ট সিনিয়র জেলা/জেলা নির্বাচন কর্মকর্তাদের পাশাপাশি জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগের কর্মকর্তাদের ক্ষমতা দেওয়া হয়েছে।

এ ছাড়া বৃহত্তর ১৯টি সিনিয়র জেলার 'খ' ক্যাটাগরির অনিষ্পন্ন আবেদন নিষ্পত্তির জন্য বিশেষ কার্যক্রম (ক্র্যাশ প্রোগ্রাম) পরিচালনার জন্য সংশ্লিষ্ট অতিরিক্ত জেলা নির্বাচন কর্মকর্তাদের ক্ষমতা দেওয়া হয়েছে এবং ঢাকা ও চট্টগ্রাম জেলার আবেদন সংখ্যা বিবেচনায় সংশ্লিষ্ট অতিরিক্ত জেলা নির্বাচন কর্মকর্তাদের পাশাপাশি উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তাদের ক্ষমতা দেওয়া হয়েছে। ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তারা তাদের অঞ্চলের/জেলার অনিষ্পন্ন আবেদনগুলো ৩০ জুনের মধ্যে নিষ্পত্তি করবেন।

অফিস আদেশে আরও জানানো হয়, আঞ্চলিক নির্বাচন কর্মকর্তারা ‘গ’ ক্যাটাগরির আবেদনগুলো নিষ্পত্তিসহ বিশেষ কার্যক্রম (ক্র্যাশ প্রোগ্রাম) সফল করতে প্রয়োজনীয় সমন্বয় ও তত্ত্বাবধান করবেন বলেও অফিস আদেশে জানানো হয়।ঢাকা ও চট্টগ্রাম জেলার সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তারা নিজ দায়িত্ব পালনের পাশাপাশি বিশেষ কার্যক্রমের (ক্রাশ প্রোগ্রাম) সমন্বয় ও তত্ত্বাবধান করবেন। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তারা অবশ্যই পুরাতন আবেদনগুলো অগ্রাধিকার ভিত্তিতে নিষ্পত্তি করবেন।সেইসঙ্গে জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগে পরিচালক (পরিচালনা) বিশেষ কার্যক্রম (ক্রাশ প্রোগ্রাম) সামগ্রিক বিষয় মনিটরিং এবং প্রতি ১৫ দিন অন্তর অন্তর এ কাজের অগ্রগতির প্রতিবেদন এনআইডি মহাপরিচালককে অবগত করবেন।

জাতীয় পরিচয়পত্র জেলা অফিসার নির্বাচন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 21:43

URL: https://timestodaybd.com/public/bangladesh/122744167